গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৫. ৪৪৬৫ তারিখ: ৩০ /১১/২০২৫ খ্রি.।

বিষয়:- পোষা পাখি লালন-পালনের জন্য ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসঙ্গে।

সূত্র:- ১। লাইসেন্স নং- ২৯, তারিখ:- ১৪/০৯/২০২১ খ্রি. এবং পজেশন সার্টিফিকেট নং- ২৭, তারিখ:- ১৪/০৯/২০২১ খ্রি.।
২। আপনার গত ২৩/১০/২০২৪ খ্রি. তারিখের পত্র।
৩। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৪.৫০৮৭, তারিখ:- ৩১/১০/২০২৪ খ্রি.।
৪। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২৫.১২০, তারিখ:- ২৫/০৯/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১ নং স্মারক মূলে আপনার প্রতিষ্ঠানের অনুকূলে পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট প্রদান করা হয়।

সূত্রোক্ত ২ নং স্মারক মূলে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন জানালে অত্র বিভাগের বন্যপ্রাণী পরিদর্শককে সূত্রোক্ত ৩ নং স্মারক মূলে আপনার খামারটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

উক্ত বন্যপ্রাণী পরিদর্শক সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে জানান যে, তিনি গত ০৯/০৯/২০২৫ খ্রি. তারিখে আপনার খামারটি সরেজমিনে পরিদর্শন করেন এবং পরিদর্শনকালীন সময়ে উক্ত কর্মকর্তা টেলিফোনের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করলে আপনি জানান যে, ডিসেম্বর/২০২৪ খ্রি. মাস হতে খামারের জায়গার ভাড়ার চুক্তি শেষ হয়েছে। আপনি নিজ ইচ্ছায় পোষা পাখির খামার পরিচালনা করছেন না।

উক্ত তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ৪ নং স্মারক মূলে আপনা প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট নবায়ন না করার জন্য সুপারিশ করেন।

এমতাবস্থায় তদন্তকারী কর্মকর্তার সুপারিশের আলোকে আপনার প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট এতদ্বারা বাতিল করা হলো।

৩০/১১/২৫

(শারমীন আক্তার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

৩০/১১/২৫

জনাব মোঃ নাছিম জামান
গ্রাম- তালিম নগর, পো:- নতুন মীরপুর
থানা- বেড়া, জেলা পাবনা।

বর্তমান ঠিকানা:- বাড়ী নং- ২/এ, রাস্তা- ২৬, নিকুঞ্জু- ২, খিলক্ষেত, ঢাকা।

| প্রধান বন সংরক্ষকের কার্যালয় রিমস্ ইউনিট | নিবন্ধন নং- ১৯৬ |
|---|---|
| প্রধান / সহকারীর স্বাক্ষর: | তারিখ: ১/১২/২৫ |
| ☐ কম্পিউটার প্রোগ্রামার | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| ☐ সহকারী বন সংরক্ষক / গবেষণা কর্মকর্তা / সহকারী কম্পিউটার প্রোগ্রামার | ☐ দ্রুত ব্যবস্থা নিন |
| ☐ নক্সাকার | ☐ নথিজাত করুন |
| ☐ প্রধান সহকারী / উচ্চমান সহকারী | |
| ☐ ফরেস্টার | |
| ☐ অফিস সহকারী | উপ বন সংরক্ষক |

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে:-

১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৩। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।